

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা
প্লট নং-০২, গরীব-ই-নেওয়াজ এভিনিউ,
সেক্টর-১৩, উত্তরা, ঢাকা-১২২৯
www.dnbc.gov.bd

নথি নং- ৫(১৩)১৬৬/কাস-বন্ড/লাইঃ/২০১৪/

তারিখ: .০৮.২০২৬ খ্রি.

বিষয়: বন্ডিং মেয়াদ উত্তীর্ণ কৌচামালের উপর প্রযোজ্য মুসক বাবদ ২৫,৩০৪.৮২ (পঁচিশ হাজার তিনশত চার দশমিক আট দুই) টাকা আদায়ের লক্ষ্যে দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে আপনার/আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মেসার্স সিমফটেক্স এ্যাপারেল এন্ড ওয়াশিং লিমিটেড [ঠিকানা: ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর [বন্ড লাইসেন্স নং-১৬৬৫/কাস-এসবিডব্লিউ/২০১৪, তারিখ: ১৮.১১.২০১৪ খ্রি., ই-বিন নং- ০০০২৯০০৪৭-০১০৩, তারিখ: ০৯.১০.২০১৯ খ্রি.] নামীয় প্রতিষ্ঠানটির ১৮.১১.২০২৩ খ্রি. হতে ১৭.১১.২০২৪ খ্রি. পর্যন্ত নিরীক্ষা পর্যালোচনায়, ৮,৪৩৪.৯৪ কেজি কৌচামালের বন্ডিং মেয়াদ উত্তীর্ণ হওয়ায় উক্ত কৌচামালের মুসক আরোপযোগ্য মূল্য ১,৬৮,৬৯৮.৮০ (এক লক্ষ আটশষষ্টি হাজার ছয়শত আটানব্বই দশমিক আট শূন্য) টাকার উপর ১৫% হারে প্রযোজ্য মুসকের পরিমাণ ২৫,৩০৪.৮২ (পঁচিশ হাজার তিনশত চার দশমিক আট দুই) টাকা, যা প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য।

০২। The Customs Act, 1969 এর section 98 (1) মোতাবেক “কোন স্পেশাল বন্ডেড ওয়ারহাউস কর্তৃক অথবা শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠানের জন্য আমদানিকৃত এবং ওয়ারহাউসকৃত পণ্য উহা ওয়ারহাউসকরণের তারিখ হতে অনধিক ২৪ (চব্বিশ) মাস মেয়াদের জন্য ওয়ারহাউসে সংরক্ষিত থাকিতে পারবে।” এছাড়াও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস.আর.ও নং- ২১১-আইন/২০২৪/৬৩/কাস্টমস, তারিখ: ২৯ মে, ২০২৪ খ্রি. এর বিধি ৩ এর উপবিধি-২(ক) মোতাবেক “সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান বা প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্যের ওয়ারহাউসে সংরক্ষণের মেয়াদ হইবে অনধিক ২৪ (চব্বিশ) মাস।”

০৩। প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত এরূপ কার্যকলাপের মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৫, ১৬; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০; The Customs Act, 1969 এর section 13 (1), 86, 97, 98, 114 এবং বন্ডেড ওয়ারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এ উল্লিখিত বন্ড লাইসেন্সের শর্তসহ অন্যান্য বিধানসমূহ ভঙ্গ করা হয়েছে। ফলে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৫, ৭৩, ৯৫ এবং The Customs Act, 1969 এর section 111 অনুযায়ী আলোচ্য নিরীক্ষা মেয়াদে প্রতিষ্ঠান কর্তৃক পরিহারকৃত মুসক বাবদ ২৫,৩০৪.৮২ (পঁচিশ হাজার তিনশত চার দশমিক আট দুই) টাকা প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য এবং The Customs Act, 1969 এর section 156(1) এর টেবিলভুক্ত Clause 1 ও 90 অনুযায়ী দণ্ডনীয়।

০৪। এমতাবস্থায়, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৫, ১৬; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০; The Customs Act, 1969 এর section 13(1), 86, 97, 98 ও 114 এবং বন্ডেড ওয়ারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এ উল্লিখিত বন্ড লাইসেন্সের শর্তসহ অন্যান্য বিধানসমূহ লঙ্ঘনের মাধ্যমে আলোচ্য নিরীক্ষা মেয়াদে মুসক বাবদ ২৫,৩০৪.৮২ (পঁচিশ হাজার তিনশত চার দশমিক আট দুই) টাকা মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৫, ৭৩, ৯৫; The Customs Act, 1969 এর section 111 এবং The Customs Act, 1969 এর section 156(1) এর টেবিলভুক্ত Clause 1 ও 90 অনুযায়ী কেন আপনার প্রতিষ্ঠানের নিকট হতে উক্ত অর্থ আদায় করা হবে না এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের উপর অর্থদণ্ড আরোপ করা হবে না, তার কারণ ব্যাখ্যা সম্বলিত লিখিত জবাব পত্র জারির ১৫ (পনেরো) দিনের মধ্যে এ দপ্তরে দাখিল করার জন্য বলা হলো। নির্ধারিত সময়ের মধ্যে জবাব পাওয়া না গেলে এ দপ্তরে রক্ষিত দলিলাদির ভিত্তিতে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ বিষয়ে আপনি/আপনারা নিজে অথবা মনোনীত প্রতিনিধি (যথাযথ কর্তৃপক্ষ স্বাক্ষরিত মনোনয়ন পত্রসহ) ব্যক্তিগত শুনানিতে হাজির হতে আগ্রহী হলে লিখিত জবাবে তা উল্লেখ করতে হবে। উল্লেখ্য, উল্লিখিত দাবীনামা প্রতিষ্ঠিত হলে তার উপর বিধি মোতাবেক নির্ধারিত হারে সুদ প্রযোজ্য হবে।

স্বাঃ

[মোহা: নূর-ই মাহবুবা]
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)

প্রাপক: ব্যবস্থাপনা পরিচালক


মেসার্স সিমফটেক্স এ্যাপারেল এন্ড ওয়াশিং লিমিটেড
ঠিকানা: ভবানীপুর, গাজীপুর সদর, গাজীপুর।

নথি নং- ৫(১৩)১৬৬/কাস-বন্ড/লাইঃ/২০১৪/১৫২৯ (২)

তারিখ: ১৩^শ ডিসি. ২০২৬ খ্রি.

অনুলিপি:

- ০১। অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (বিষয়টি কম্পিউটার সিস্টেমে ধারণ করার অনুরোধসহ);
- ০২। পিএ. টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৩। অফিস কপি।


[মোহা: নূর-ই মাহবুব]
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)